

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website: step-dte.gov.bd; E-mail: step.dte@gmail.com

তারিখ : সেপ্টেম্বর ২৩, ২০১৭

### সংবাদ বিজ্ঞপ্তি

#### “স্কিলস কম্পিটিশন ২০১৭” এর উদ্বোধন কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত প্রকল্পে বিনিয়োগে শিক্ষামন্ত্রীর আহ্বান

শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি. কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্পে বিনিয়োগে এগিয়ে আসার জন্য দেশের শিল্পপতি ও ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি আজ (শনিবার) ঢাকায় অনুষ্ঠিত “স্কিলস কম্পিটিশন ২০১৭” এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এই আহ্বান জানান।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীনে কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন “স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)” “স্কিলস কম্পিটিশন ২০১৭” এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করে। ২০১৪ সাল থেকে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর শিক্ষার্থীদের মেধা ও উদ্ভাবনী শক্তির বিকাশের লক্ষ্যে STEP এই প্রতিযোগিতার আয়োজন করে আসছে।

স্কিলস কম্পিটিশন আয়োজনের অন্যতম উদ্দেশ্য হচ্ছে কারিগরি শিক্ষার্থীদের সৃজনশীলতা বিকাশের পথ প্রশস্ত করা, শিল্প-সংযোগ প্রতিষ্ঠা করা এবং কলকারখানাসমূহকে উদ্ভাবনী প্রক্রিয়ায় সম্পৃক্ত করার মধ্য দিয়ে দেশের আর্থ-সামাজিক অগ্রযাত্রায় ইতিবাচক ভূমিকা রাখা।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা হওয়া উচিত দক্ষতা নির্ভর। কারন দক্ষতা অর্জন করতে না পারলে শিক্ষা নিয়ে অনেককেই বেকারত্বের যন্ত্রণা মোকাবেলা করতে হয়। বর্তমান সরকার শিক্ষাকে অগ্রাধিকার দিচ্ছে আর এর মধ্যে কারিগরি শিক্ষাকে সর্বাধিক অগ্রাধিকার দিচ্ছে।

দক্ষতা নির্ভর কারিগরি শিক্ষাই কেবল পারে দেশকে দারিদ্রের দুষ্টি চক্র থেকে মুক্ত করে সরকারের নির্ধারিত সময়ে মধ্যম ও উচ্চ আয়ের দেশে রূপান্তর করতে। এ লক্ষ্যে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে এবং কারিগরি শিক্ষাকে আধুনিকায়নের কর্মসূচি হাতে নিয়েছে, শিক্ষামন্ত্রী যোগ করেন।

তিনি বলেন, যদি আপনারা আমাদের ছাত্র/ছাত্রীদের উদ্ভাবনী প্রকল্পে বিনিয়োগ করেন তবে তারা আরও বেশী আবিষ্কারের দিকে মনোযোগ দেবে এবং দেশ, কাল ও বাজারের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প উদ্ভাবন করবে।

বর্তমান সরকার এরই মধ্যে কারিগরি শিক্ষায় ১৪% এর অধিক ভর্তি হার নিশ্চিত করেছে। সরকার এই হার ২০২০ সালের মধ্যে ২০% ও ২০৩০ সালের মধ্যে ৩০% করার জন্য নিরন্তর কাজ করে যাচ্ছে, তিনি আরো যোগ করেন।

মন্ত্রী বলেন, যদি আমরা ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ ও ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের মর্যাদা পেতে চাই তবে আমাদের ছেলে-মেয়েদের কারিগরি শিক্ষায় শিক্ষিত করে তোলার কোন বিকল্প নেই।

অনুষ্ঠানটিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ড. মো: মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং ড. মো: মোখলেছুর রহমান, সিনিয়র অপারেসসপ অফিসার, বিশ্বব্যাপক। এতে সভাপতিত্ব করেন জনাব অশোক কুমার বিশ্বাস, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।

“স্কিলস কম্পিটিশন ২০১৭” এর উদ্বোধনী অনুষ্ঠানে বিগত তিন বছরের সেরা ৩০টি উদ্ভাবনী প্রকল্প প্রদর্শন করা হয়। প্রকল্পগুলোর বাণিজ্যিক উৎপাদন ও বাজারজাতকরণের সম্ভাব্যতা পর্যালোচনা করাই ছিল এই প্রদর্শনীর অন্যতম লক্ষ্য।

প্রদর্শনীতে দেশের খ্যাতনামা শিল্পকারখানার মালিক, বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, ভেদগর গ্রুপ, মেধাস্বত্ব সংরক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও কারিগরি শিক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণ উপস্থিত থেকে উদ্ভাবনী প্রকল্পগুলো পরিদর্শন করেন।

প্রকল্প পরিচালক  
স্কিলস এন্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট  
ফোন: ৮১৮১৪৫৭